# জে এস সি পরীক্ষা - ২০১৮ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা বিষয় কোড: ১ ০ ১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### সৃজনশীল অংশ—৪০

### ক অংশ — গদ্য

১. ★ জনাব ইসলাম বিভিন্ন স্কুল কলেজে গরীব দুঃখী ছাত্রছাত্রীদের প্রচুর সহায়তা করেন গোপনে। লোক দেখানো কোনো কিছু করাকে তিনি অপছন্দ করেন। অথচ তাঁর পাশের প্রতিবেশী মজিবর শুধু ভাবেন তিনি সহায়তা করবেন কিন্তু তা কার্যে পরিণত করেন না।

ক. কত বছর বয়সে কাজী নজরুল ইসলামের সাহিত্যসাধনায় ছেদ ঘটে? ১

খ. ভাবকে 'অবাস্তব উচ্ছ্বাস' বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের জনাব ইসলামের কর্মকাণ্ড 'ভাব ও কাজ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকের মজিবর 'ভাব ও কাজ' প্রবন্ধের কোন দিককে প্রতিনিধিত্ব করে? মূল্যায়ন করো। ৪

২. ★ ইকবাল তার দাদার কাছে ভৌতিক গল্প শোনার আশায় ঘুমাতে যায়। কিছুক্ষণ পর সে চিৎকার করে ঘর থেকে বেরিয়ে আসে। সবাই জানতে চায় কী হয়েছে? ইকবাল জানায় তার ঘরে কাপড়ের পুতুলটি রাতের অন্ধকারে তার দিকে হেঁটে এগিয়ে আসছিল। তার কথা শুনে সকলে তার ঘরের দিকে গিয়ে ঘরের লাইটটি জ্বালিয়ে দিল। ইকবাল দেখল পুতুলটি একটুও এগিয়ে আসেনি, আগের জায়গায়ই আছে।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের 'তৈলচিত্রের ভূত' গল্পটি কত সালে 'মৌচাক' পত্রিকায় প্রকাশিত হয়? ১

Teachingbd24.com

খ. নগেনের মনে দারুণ লজ্জা আর অনুতাপ জেগেছিল কেন? ২

গ. উদ্দীপকের ইকবাল চরিত্রটির সাথে 'তৈলচিত্রের ভূত' গল্পের নগেন চরিত্রটির মিল কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'একই ঘটনার শিকার হলেও প্রেক্ষাপট ও পরিণতির দিক থেকে ইকবাল ও নগেন সম্পূর্ণ ভিন্ন'— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৩. ★ নকুল সাহেব এলাকার চেয়ারম্যান। ক্ষমতাবান হলেও তার সম্পদের পরিমাণ খুবই কম। সৎপথে তিনি যা উপার্জন করেন তা দিয়ে তার সংসার চলে। এলাকার অসহায় মানুষের পাশে তিনি ছুটে যান সবার আগে। মানুষের বিপদে সহায়তা করে তিনি সুখ অনুভব করেন।

ক. মোড়ল কার মুরগি জোর করে জবাই করে খেয়েছে? ১

খ. 'মনের মধ্যে অশান্তি থাকলে ওষুধে কাজ হয় না'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'সুখী মানুষ' নাটিকার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের নকুল সাহেব এবং 'সুখী মানুষ' নাটিকার সুখী লোক উভয়ই সুখী হলেও দু'জনের সুখের তাৎপর্য ভিন্ন"— মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — কবিতা

৪. ★ 'রোদেলা' নামক একটি আবাসন প্রকল্পের স্বত্বাধিকারী হলেন আব্দুল জব্বার। তিনি অর্থ, শক্তি ও ক্ষমতার দাপটে জমি কেনেন। 'রোদেলা'র গাঁ ঘেঁষে গফুরের একখণ্ড জমি। ভূমিদস্যু আব্দুল জব্বারের চোখ পড়েছে গফুরের সেই জমির ওপর। গফুর পৈতৃক ভিটে বিক্রয় করতে রাজি নয়। আব্দুল জব্বার বিত্ত, প্রতাপ ও প্রভাব খাটিয়ে মিথ্যে মামলা দিয়ে গফুরের জমি দখল করে নেন।

ক. 'ধাম' শব্দের অর্থ কী? ১

খ. 'চোখে আসে জল ভরে'— কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের গফুর এবং 'দুই বিঘা জমি' কবিতার উপেনের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আব্দুল জব্বার এবং জমিদার উভয়ই সাধারণ মানুষের সম্পত্তি লুট করে সম্পদশালী হয়েছে'— কথাটির যৌক্তিকতা নিরূপণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৫. ★ তুলি দুই হাত, করি মোনাজাত

হে রহিম রহমান
কত সুন্দর করিয়া ধরণী
মোদের করেছে দান।
গাছে ফুল, ফল, নদী ভরা জল।
পাখির কণ্ঠে গান
সকলি তোমার দান।

ক. কায়কোবাদ রচিত বিখ্যাত মহাকাব্যের নাম কী? ১
খ. 'সদা আত্মহারা তব গুণগানে'— কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকে 'প্রার্থনা' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'প্রার্থনা' কবিতার সমগ্র ভাবকে ধারণ করে কি? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬. ★ তোমার যেখানে সাধ চলে যাও

আমি বাংলার পাড়ে রয়ে যাব
দেখিব কাঁঠাল পাতা, ঝরিতেছে ভোরের বাতাসে।

ক. কবি জীবনানন্দ দাশ ভোরের কাক হয়ে বাংলার কোথায় আসতে চান? ১
খ. 'সারাদিন কেটে যাবে কলমির গন্ধভরা জলে ভেসে ভেসে' চরণটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক ও 'আবার আসিব ফিরে' কবিতার সাদৃশ্যসূত্র চিহ্নিত করো। ৩
ঘ. "উদ্দীপক ও 'আবার আসিব ফিরে' কবিতার মূলে আছে প্রকৃতি ও স্বদেশ প্রেম"— তোমার মতামতসহ আলোচনা করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

**ক. সারাংশ লেখ:**

আনন্দ প্রকাশ জীবনীশক্তির প্রবলতার প্রকাশ। আনন্দকে আমরা বুঝি রূপ-রস-গন্ধ-স্পর্শ ইত্যাদির সাহায্যে, ইন্দ্রিয়সকলের সাহায্যে। মানুষ যখন আনন্দ পায় তখন সে তার মনকে প্রকাশ করতে চায় নানা রূপে। তাই সৃষ্টি হলো চিত্রশিল্পী, নৃত্যশিল্পী, কবি-সাহিত্যিক। পুরাকালের গুহা মানুষ থেকে শুরু করে বর্তমান যুগ পর্যন্ত মানুষ

https://teachingbd24.com

নিজের পাওয়া আনন্দকে, সুন্দরকে অন্য মানুষের মধ্যে বিস্তার করতে চেয়েছে। তাই সৃষ্টি হয়েছে নানা আঙ্গিকের শিল্পকলা।

খ. **সারমর্ম লেখ:**

নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগনললাট চুমে তব পদধূলি
ছায়াসুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি
পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ,
স্তব্ধ অতল দিঘি কালোজল— নিশীথশীতল স্নেহ।
বুকভরা মধু, বঙ্গের বধূ, জল লয়ে যায় ঘরে—
মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে।

৮. ভাবসম্প্রসারণ (যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও) ৫×১=৫

ক. করিতে পারি না কাজ
সদা ভয়, সদা লাজ
সংশয় সংকল্প সদা টলে
পাছে লোকে কিছু বলে

খ. বাংলার ইতিহাস এ দেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।

Teachingbd24.com

৯. ক. মনে কর, তোমার নাম সাফিন/সাফিনা। তোমার বন্ধু রাফিদ/রিদিতা খুলনায় থাকে। বৃক্ষরোপণের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তাকে একটি চিঠি লেখ। ৫×১=৫

খ. শিক্ষা সফরের গুরুত্ব উল্লেখ করে তোমার স্কুলের প্রধান শিক্ষকের নিকট শিক্ষা সফরে যাওয়ার অনুমতি চেয়ে একটি আবেদনপত্র লেখ।

১০. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ১৫×১=১৫

ক. ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য

খ. মুক্তিযুদ্ধ জাদুঘর

গ. বাংলাদেশের ষড়ঋতু

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ পাখি চালান দেয়া কাদের ব্যবসা?
ক) মধ্যবিত্তদের
খ) পা ফোলা মেয়েদের
গ) ব্যাধের
ঘ) দেওঘরবাসীর

নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:

আমাদের দেশে হবে সেই ছেলে কবে?
কথায় না বড় হয়ে কাজে বড় হবে।

২. ★ উদ্দীপকটির সঙ্গে নিচের কোন রচনার সাদৃশ্য আছে?
ক) তৈলচিত্রের ভূত
খ) ভাব ও কাজ
গ) আমাদের লোকশিল্প
ঘ) পড়ে পাওয়া

৩. ★ উক্ত রচনায় উদ্দীপকের চেতনার সঙ্গে যে বিষয়টি স্পষ্ট হয়ে উঠেছে—
i. দেশের জন্য আত্মত্যাগ
ii. ভাবের সঙ্গে কাজের মিল
iii. দেশের যেকোনো পরিস্থিতিতে কর্মে ঝাঁপিয়ে পড়া

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

৪. বিধু ও তার বন্ধুরা পড়ে পাওয়া বাক্সটি ফেরত দিয়েছিল—
ক) বাবার চাপে
খ) সামাজিক চাপে
গ) মূল্যহীন ভেবে
ঘ) সততা ও নৈতিকতা থেকে

৫. ★ পরেশ নগেনের সম্পর্কের দিক থেকে—
ক) কাকাতো ভাই
খ) মামাতো ভাই
গ) পিসতুতো ভাই
ঘ) মাসতুতো ভাই

৬. ★ বঙ্গবন্ধু কী ধরনের হরতাল ডেকেছিলেন?
ক) শান্তিপূর্ণ   খ) সহিংস
গ) ধ্বংসাত্মক   ঘ) অর্ধ-দিবস

৭. খাদি বা খদ্দরের কাপড় প্রস্তুত হয়—
i. কুমিল্লা, চট্টগ্রাম সিরাজগঞ্জ
ii. চট্টগ্রাম, নোয়াখালী, বরিশাল
iii. কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) iii
গ) ii   ঘ) i, ii ও iii

৮. 'সুখী মানুষ নেই, সুখী মানুষের জামাও নেই'— সংলাপটি কার?
ক) কবিরাজ   খ) হাসু
গ) রহমত   ঘ) মোড়ল

৯. মানুষের জন্য ক্ষতিকর হলো—
ক) বংশীয় গৌরব   খ) জাতের গৌরব
গ) গঙ্গার জল   ঘ) নদীর জল

১০. ★ 'মরিবার মত ঠাঁই' বলতে কী বোঝানো হয়েছে?
ক) দয়া করার প্রবণতা
খ) নিজের শেষ অবস্থা
গ) গভীর মিনতি
ঘ) আশ্রয়ের শেষ স্থল

১১. মহৎ কাজ সম্পাদনে কোনটি উপেক্ষা করতে হবে—
ক) সংকল্প   খ) বাধা
গ) সংকোচ   ঘ) সংশয়

১২. 'ভুলিনি তোমারে এক পল', 'এক পল' বলতে কী বুঝানো হয়েছে?
i. প্রতিদিন
ii. মুহূর্ত
iii. প্রতিক্ষণ

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৩. খানুয়ার প্রান্তরে কার পতন হয়েছিল?
ⓚ দৌলত খাঁর ⓚ সংগ্রাম সিংহ

(ক) দৌলত খাঁর (খ) সংগ্রাম সিংহ
(গ) চৌহান (ঘ) ইব্রাহিম লোদি

১৪. ★ 'নারী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া?
(ক) সাম্যবাদী (খ) অগ্নিবীণা
(গ) বিষের বাঁশি (ঘ) দোলন চাঁপা

১৫. লক্ষ্মীপেঁচা কোথায় ডাকছে?
(ক) হিজলের ডালে (খ) শিমুলের ডালে
(গ) ঝাঁউশাখে (ঘ) তমালের ডালে

১৬. রুপাইয়ের গা খানি দেখলে মনে হয়—
i. শাওন মাসের তমাল তরু
ii. শাওন মাসের হিজল তরু
iii. বাদল ধোয়া মেঘ তেল মাখানো
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭. প্রত্যয়যোগে সাধিত শব্দ কোনটি?
(ক) বৈদিক (খ) দিগন্ত
(গ) সুনাম (ঘ) বসতবাড়ি

১৮. ★ চলতি রীতির বৈশিষ্ট্য কোনটি?
(ক) ভাষারীতি অপরিবর্তনীয়
(খ) পদবিন্যাস সুনির্দিষ্ট
(গ) তৎসম শব্দের আধিক্য
(ঘ) ভাষারীতি সরল ও আধিক্য

১৯. গারো জনগোষ্ঠীর ভাষা কোনটি?
(ক) আচিক (খ) কানাড়ি
(গ) চাংমা (ঘ) ম্যান্ডারিন

২০. ★ সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্যে কোন বিরামচিহ্ন বসে?
(ক) ড্যাস (খ) হাইফেন
(গ) কোলন (ঘ) সেমিকোলন

২১. বিশেষ্য, বিশেষণ ও অনুকার অব্যয়ের পরে আ-প্রত্যয় যোগে গঠিত হয় কোন ধাতু?
(ক) নাম ধাতু (খ) সাধিত ধাতু
(গ) প্রযোজক ধাতু
(ঘ) কর্মবাচ্যের ধাতু

২২. 'ঘ' এর উচ্চারণ স্থান কোনটি?
(ক) তালু (খ) মূর্ধা
(গ) দন্ত (ঘ) জিহ্বামূল

২৩. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?
(ক) বাঙালি (খ) সন্তান
(গ) গয়লা (ঘ) স্ত্রৈণ

২৪. নিচের কোনটি অনুভূতির কাল্পনিক অনুকৃতি?
(ক) হি হি (খ) ঘেউ ঘেউ
(গ) ঝন ঝন (ঘ) ঠা ঠা

২৫. 'অগ্নি' শব্দের সমার্থক শব্দ কোনটি?
(ক) কুল (খ) বহ্নি
(গ) বাজি (ঘ) কড়ি

২৬. ★ বক্তার মনের বিভিন্ন আবেগ বোঝাতে কোন বিরামচিহ্নটি ব্যবহৃত হয়?
(ক) কমা (খ) দাঁড়ি
(গ) বিস্ময় চিহ্ন (ঘ) জিজ্ঞাসা চিহ্ন

২৭. 'ঈ + ই' = ঈ— এ নিয়মের উদাহরণ কোনটি?
(ক) অতি + ইত (খ) অধি + ঈশ্বর
(গ) শচী + ঈন্দ্র (ঘ) শ্রী + ঈশ

২৮. কোনটি বিদেশাগত ধাতু?
(ক) বিগড় (খ) হার্
(গ) দৃশ (ঘ) হস্

২৯. ★ কোন বাক্যে যৌগিক ক্রিয়ার উদাহরণ রয়েছে?
(ক) শোভন বই পড়ে
(খ) সাপুড়ে সাপ খেলায়
(গ) শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন
(ঘ) সাইরেন বেজে উঠল

৩০. 'প্রশ্ন' এর সঠিক উচ্চারণগত রূপ কোনটি?
(ক) প্রশ্‌নো (খ) প্রোশ্‌নো
(গ) প্রস্‌নো (ঘ) প্রোস্‌নো

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ |

https://teachingbd24.com